ISO 9001:2015 Certified

# দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২

জয়নগর,চন্ডিপুর,ফুলবাড়ী,বিরামপুর, দিনাজপুর।

মোবাইল নং-০১৭৬৯৪০১১২৮
ই-মেইল-dpbstwo@gmail.com
ওয়েব সাইট- www.pbs2.dinajpur.gov.bd

স্মারক নং- ২৭.১২.২৭৩৮.৫৪৪.০১.০৩৮.২২. ২৪৪৪

তারিখঃ ১৭ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ
৩১ মে, ২০২২ খ্রিঃ

## "অগ্নি নির্বাপক যন্ত্র রিফিল" **করনের দরপত্র (RFQ) আহবান "**

দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর জন্য "অগ্নি নির্বাপক যন্ত্র রিফিল" করণের নিমিত্তে পবিস তহবিলের আওতায় নিম্নবর্ণিত বিবরণ ও স্পেসিফিকেশন মোতাবেক প্রকৃত সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | দরপত্র নং (RFQ) | বিবরণ | পরিমাণ | একক মূল্য (টাকা) | মোট মূল্য (টাকা) |
|---|---|---|---|---|---|
| ১. | ৪৮/২০২১-২০২২ | ০৫ কেজি ওজন বিশিষ্ট (৯০ গ্রেড এবিসি ড্রাই কেমিকেল পাউডার (গ্যাস সহ), মিটার ও পাইপ নষ্ট হলে পরিবর্তন করতে হবে। | ৪৩ টি | | |

কথায়ঃ ..............................................................................

দরপত্র প্রদানের স্থান ও সময়

| | | |
|---|---|---|
| ০১। | RFQ জমা দেয়ার তারিখ ও সর্বশেষ সময় | ০৭/০৬/২০২২ খ্রিঃ তারিখ মঙ্গলবার সকাল ১১:৩০ ঘটিকা পর্যন্ত |
| ০২। | RFQ জমা দেয়ার স্থান | পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা অথবা দিনাজপুর পবিস-২ এর সদর দপ্তর, ফুলবাড়ী, বিরামপুর, দিনাজপুর। |
| ০৩। | RFQ খোলার তারিখ, সময় ও স্থান | ০৭/০৬/২০২২ খ্রিঃ তারিখ মঙ্গলবার সকাল ১১:৩৫ ঘটিকায় পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা এবং দিনাজপুর পবিস-২ এর সদর দপ্তর, ফুলবাড়ী, বিরামপুর, দিনাজপুর। |

শর্তাবলীঃ

০১। উপরে বর্ণিত সময়সীমার মধ্যে যে কোন দিন (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) অফিস সময়ে সীলমোহরকৃত দরপত্র পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন (৯ম তলা) জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা অথবা দিনাজপুর পবিস-২ এর সদর দপ্তর, ফুলবাড়ী, দিনাজপুর এর দপ্তরে রক্ষিত টেন্ডার বক্সে দাখিল করতে পারবেন। নির্ধারিত সময়ের পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহণ করা হবে না। দাখিলকৃত দরপত্রসমূহ বর্ণিত সময়সূচী অনুযায়ী স্ব-স্ব দপ্তরে উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্রসমুহ খোলা হবে।

০২। দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সী সনদপত্র, আয়কর পরিশোধের প্রত্যয়নপত্র ও ভ্যাট রেজিষ্ট্রেশন সনদপত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

০৩। দরপত্রের খামের উপর স্পষ্টাক্ষরে "অগ্নি নির্বাপক যন্ত্র রিফিল করণের দরপত্র " কথাটি লিখতে হবে।

০৪। কার্যাদেশ প্রাপ্ত হলে প্রয়োজনীয় কেমিকেল ও মালামালসহ দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তরে উপস্থিত হয়ে নির্ধারিত সময়ের মধ্যে রিফিল কার্য সম্পাদন করতে হবে।

০৫। কার্যাদেশ অনুযায়ী নমুনা মোতাবেক মালামাল সরবরাহ সহ কার্য সম্পাদন করতে হবে। কার্যাদেশ প্রদানের সময় মালামাল/ কাজের পরিমান কম/বেশী হতে পারে।

০৬। দরপত্র বাছাইকালে উদ্ধৃত মূল্যে গাণিতিক কোন ভুল থাকলে উদ্ধৃত একক মূল্যকে পরিমান দ্বারা গুণ করে প্রাপ্ত মোট মূল্য এবং উদ্ধৃত মোট মূল্যের মধ্যে কোন গরমিল দেখা দিলে সেক্ষেত্রে একক মূল্য বহাল থাকবে এবং সে অনুযায়ী মোট মূল্যকে সংশোধন করা হবে। অংকে উদ্ধৃত মূল্য এবং কথায় উদ্ধৃত মূল্যের মধ্যে কোন গরমিল দেখা দিলে সেক্ষেত্রে কথায় উদ্ধৃত মূল্য বহাল থাকবে।

০৭। কার্যাদেশ ইস্যুর তারিখ হতে সর্বোচ্চ ০৭ (সাত) দিনের মধ্যে কার্য সম্পাদন করতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে কার্য সম্পাদনে ব্যর্থ হলে প্রতিদিনের বিলম্বের জন্য কার্যাদেশে উল্লিখিত মোট মূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা কার্যাদেশে উল্লিখিত মোট মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।

০৮। সন্তোষজনকভাবে কার্য সম্পাদনের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে একাউন্ট পেয়ি চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। পরিশোধযোগ্য বিল হতে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।

০৯। দরপত্রের শর্তাবলীতে উল্লেখ নাই এমন সকল বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১০। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র আংশিক / সম্পূর্ণ গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষের নিকট সংরক্ষিত থাকবে।

(মোঃ শহীদ উদ্দিন)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)।

অনুলিপিঃ নোটিশ বোর্ডে প্রচারের অনুরোধসহ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১। পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (উঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (নির্ধারিত সময়ে দরপত্র বক্সে দরপত্র গ্রহণের অনুরোধ সহ)।
০২। জেলা প্রশাসক, দিনাজপুর।
০৩। পুলিশ সুপার, দিনাজপুর।
০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
০৫। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/ সড়ক ও জনপদ, দিনাজপুর।
০৬। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, দিনাজপুর।
০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার..........................পবিস-১/২/৩/৪।
০৮। উপজেলা নির্বাহী অফিসার............................ উপজেলা, দিনাজপুর।
০৯। মেয়র, ..............................পৌরসভা, দিনাজপুর।
১০। সিনিয়র ডিজিএম, দিপবিস-২।
১১। সহকারী প্রকৌশলী, বাপবিবো, দিনাজপুর। (দরপত্র মূল্যায়নের জন্য নির্দিষ্ট সময়ে উপস্থিত থাকার জন্য বলা হলো)।
১২। এজিএম (অর্থ-হিসাব/ওএন্ডএম), দিপবিস-২।
১৩। এজিএম (আইটি), দিপবিস-২ (অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য )।
১৪। নোটিশ বোর্ড/ অফিস কপি / মাষ্টার কপি।

(মোঃ শহীদ উদ্দিন)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)।